

ডিজি অফিসের ভুলের খেসারত পূজা-ঈদে বেতন পাওয়া নিয়ে সংশয় লাখো শিক্ষক কর্মচারীর

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

চলতি মাসের ২ তারিখে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সেপ্টেম্বর মাসের বেতন এবং উৎসব ভাতা ছাড় করেছে শিক্ষা মন্ত্রণালয়। এই বেতন ভাতা উত্তোলনের সর্বশেষ সময়-সীমা নির্ধারণ করা হয়েছে ১০ অক্টোবর। রোববার ব্যাংকলোতে এমপিওর (monthly pay order) চিঠি এসেছে। ঢাকা থেকে প্রেরণ করা এমপিওর প্যাকেট থেকে এমপিও দেয়া হয় শিক্ষকদের। এ অর্ডারের কপি নিতে গিয়ে আক্কেল গুরুম শিক্ষকদের। সেপ্টেম্বর মাসের এমপিও এর বদলে জুলাই মাসের এমপিও রয়েছে প্যাকেটে। ভুলটি বরাপড়ার পর বিক্ষোভ তৈরি হয় শিক্ষকদের মাঝে। এই এমপিও দিয়ে বেতন তোলা যাবে না। প্রাণ্ড ঢাকায় যোগাযোগ করেন ব্যাংক কর্তৃপক্ষ। সেখানেও গুরু হয় দৌড়ঝাঁপ। জানা গেছে সারা দেশেই মাধ্যমিক, মূলত লোর এমপিও ভুল প্রিন্ট হয়েছে। কোথাও কোথাও ফেট্রয়ারি মাসের এমপিও চলে গেছে। হিন্দু ধর্মাবলম্বীদের বৃহৎ ধর্মীয় উৎসব তক হতে বাকি মাত্র ২ দিন। অপর দিকে মুসলমানদেরও ২য় ধর্মীয় উৎসব ১৬ অক্টোবর। সবারই প্রয়োজন এই মুহূর্তে বেতন ভাতা। এ ছাড়া এবার শতাধিক শিক্ষকের নতুন এমপিও হয়েছে। ইন্টারনেটে তাদের নতুন বেতন কেলের বিবরণীও এসে গেছে। তাই রোববার সবাই এমপিও আনতে ছুটে যান ব্যাংকে। বরিশাল ব্রজমোহন স্কুলের এক শিক্ষক জানান এ স্কুলের চার শিক্ষকের উচ্চতর কলে বেতন আসার কথা। এ ছাড়া পূজার জন্য হিন্দু শিক্ষকরা বেতনের জন্য উদগ্রীব। কিন্তু যে এমপিও দেয়া হয়েছে তা ২ মাস আগের। ব্যাংক থেকে বলা হয়েছে নতুন এমপিও না আসা পর্যন্ত বেতন দেয়া যাবে না। এ ব্যাপারে যোগাযোগ করা হয় রূপালী ব্যাংক বরিশাল কর্পোরেট শাখার ম্যানেজার, পরিচোষ চন্দ্র কর্মকারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান মাধ্যমিক ও উচ্চশিক্ষা

অধিদফতর সেপ্টেম্বর মাসের এমপিও প্রিন্ট দিতে গিয়ে ভুলে জুলাই মাসের এমপিও প্রিন্ট দিয়েছে। এইওলেই প্যাকেটজাত হয়ে বরিশালে এসেছে। তিনি জানান এ ধরনের ভুল সারা বাংলাদেশে ঘটেছে। তবে ২/১ দিনের মধ্যেই নতুন এমপিও চলে আসবে। এর পরই শিক্ষকদের বেতন ভাতা দেয়া হবে। এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে শিক্ষক সমিতি ফেডারেশনের সম্পাদক মঞ্জিবর রহমান বলেন এটি একটি অমার্জনীয় ভুল। সংশ্লিষ্ট কর্মকর্তার এ জন্য শাস্তি হওয়া প্রয়োজন। মাত্র ২ দিন পর শারদীয় উৎসব। আপাতকাল থেকে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ। আর এ অবস্থায় বেতন ভাতা ভুলতে না পারার ঘটনাটি উদ্বেগজনক।